



গত ৬ মাসে গুমের একটি অভিযোগ এসেছে: আইনমন্ত্রী



আইনমন্ত্রী আসাদুজ্জামান | ছবি: সংগৃহীত

গত ছয় মাসে দেশে গুমের একটি অভিযোগ পাওয়া গেছে বলে জানিয়েছেন আইনমন্ত্রী আসাদুজ্জামান। বিষয়টি তিনটি দিক থেকে তদন্ত করা হচ্ছে জানিয়ে তিনি বলেন, গুমের ঘটনায় বর্তমান সরকারের অবস্থান ‘জিরো টলারেন্স’।

সোমবার (২৪ আগস্ট) রাজধানীর সিরডাপ মিলনায়তনে সেন্টার ফর গভর্ন্যান্স স্টাডিজ আয়োজিত ‘নির্বাচন-পরবর্তী বাংলাদেশ: রাজনৈতিক প্রতিশ্রুতি ও বাস্তবতা’ শীর্ষক সংলাপে এসব কথা বলেন তিনি।

মানবাধিকার কমিশন আইন এবং গুম প্রতিরোধ ও প্রতিকার সংক্রান্ত আইন নিয়ে অতীতে নানা অসংগতি ছিল বলেও মন্তব্য করেন আইনমন্ত্রী। এসব আইন সংশোধনের উদ্যোগ নেওয়া হয়েছে বলে জানান তিনি।

সংবিধান সংশোধনের প্রসঙ্গে আসাদুজ্জামান বলেন, বিরোধীদের পক্ষ থেকে আরও পাঁচজনের নামের জন্য অপেক্ষা করছে সরকার। তাদের যৌক্তিক দাবিগুলো বিবেচনায় নেওয়া হবে বলেও জানান তিনি।